



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান
পরিদর্শন অধিদপ্তর
সেইফটি অধিশাখা
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ
নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

নিশ্চিত করি শোভন
কর্মপরিবেশ, গড়ে
তুলি স্মার্ট
বাংলাদেশ

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৩.৩৭.০০৩.১৮তারিখ: ২৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: ক্রেন ও অন্যান্য উত্তোলক যন্ত্রপাতি এবং প্রেসার প্লান্ট, ভেসেল ও লুজ
গিয়ার পরীক্ষার জন্য যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান ঘোষণা [ধারা ৬৮, ৬৯, ৭১
ও ৮৮, বিধি ৬০ (১)(ক), ৬০(১)(ঙ), ৬০(১)(ড), ৬২, ৬৫(২) এবং
তফসিল-৩ এর দফা (৭)(ক) দ্রষ্টব্য।]**

ফরম-৩০

নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এই আদেশ প্রদানের তারিখ হইতে দুই বৎসর সময়ের জন্য আইনের
উল্লিখিত ধারা ও সংশ্লিষ্ট বিধির অধীন মহাপরিদর্শকের উপর প্রদত্ত ক্ষমতাবলে **লিফট সল
বাংলাদেশ**, এস আর টাওয়ার (২য় তলা), ৪৬৫, শেখ মুজিব রোড, আগ্রাবাদ,
চট্টগ্রাম এর ভারপ্রাপ্ত প্রকৌশলী **জনাব জয়নাথ সরকার** এবং **জনাব নিমাই চাঁদ
গোস্বামী** -কে সমগ্র বাংলাদেশ (বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর আওতাভুক্ত) এলাকায়
অবস্থিত কারখানা/প্রতিষ্ঠানের ক্রেন ও অন্যান্য উত্তোলক যন্ত্রপাতি এবং লুজ গিয়ার
পরীক্ষা এবং সনদ প্রদানের জন্য "যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান" হিসাবে ঘোষণা করা হল।
১। পরীক্ষার জন্য ব্যবহৃত যন্ত্রপাতির কেলিব্রেশন (Calibration) সার্টিফিকেট প্রতি বৎসর ৩১
মার্চ মহাপরিদর্শকের উদ্দেশ্যে জমা প্রদান করিতে হইবে।

২। পরীক্ষার সময় যোগ্য ব্যক্তিকে শারীরিকভাবে উপস্থিত থাকতে হইবে।

৩। যোগ্য ব্যক্তি তাহার পরীক্ষার সময় তারিখ ও স্থান সম্পর্কে মহাপরিদর্শককে অবহিত
করবেন।

৪। তাহাকে তাহার ইস্যু করা পরীক্ষার সার্টিফিকেট সংক্রান্ত একটি ত্রৈমাসিক প্রতিবেদন
মহাপরিদর্শকের নিকট জমা প্রদান করিতে হইবে।

৫। কর্তৃপক্ষ কোন কারণ ব্যাখ্যা ব্যতীত যেকোন সময় যোগ্যতা সনদ প্রত্যাহার করিতে পারেন।

৬। যোগ্যতা সনদ স্বয়ংক্রিয়ভাবে প্রত্যাহার হইবে, যদি-

(ক) এই আদেশ জারি হওয়ার দুই বৎসরের মধ্যে উহা নবায়ন করা না হয়;

(খ) যোগ্য ব্যক্তি প্রতিষ্ঠান ত্যাগ করিবার দুই বৎসরের মধ্যে নবায়ন না করা হয়; এবং

(গ) এই আদেশ প্রত্যাহার হইবার দুই বৎসরের মধ্যে উহা নবায়ন না করা হয়।

৭। যোগ্য ব্যক্তি যদি পুনরায় আবেদন করিতে চাহেন তাহা হইলে তাহাকে অন্তত যোগ্যতার
সময়াদ শেষ হইবার ৬০ দিন পূর্বে আবেদন করিতে হইবে।

ক) জয়নাথ সরকার, ব্যবস্থাপনা পরিচালক (খ)
জনাব নিমাই চাঁদ গোস্বামী, ইন্সপেক্টর, লিফট সল
বাংলাদেশ, এস আর টাওয়ার (২য় তলা), ৪৬৫, শেখ
মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১০-০১-২০২৪

সাইফ উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক (অতিরিক্ত
সচিব)

+৮৮-০২-২২৬৬৬৪২০২(ফোন)

+৮৮-০২-২২৬৬৬৪২ (ফ্যাক্স)

০৩

ig@dife.gov.bd